



AKASHVANI SILCHAR

REGIONAL NEWS UNIT

MORNING NEWS BULLETIN

BENGALI

DATE: 21 Mar. 26

TIME: 7:35 AM

আসন্ন ৰাজ্য বিধানসভা নিৰ্বাচনৰ জন্ম গতকাল ক্ষমতাশীল ভাৰতীয় জনতা পাৰ্টি (বি জে পি) সহ কংগ্ৰেছ , ৰাইজৰ দল , অসম জাতীয় পৰিষদ , অসম গণ পৰিষদ , ইউ পি পি এল , বি পি এফ সহ বেশ কয়েকটি ৰাজনৈতিক দলেৰ প্ৰাৰ্থীদেৰ মনোনয়নপত্ৰ দাখিল কৰেছেন । গতকাল ৰাজ্যেৰ প্ৰায় সবকটি বিধানসভা আসনে ১০৯ জন প্ৰাৰ্থী তাদেৰ মনোনয়নপত্ৰ দাখিল কৰেছেন ।

বি জে পি নেতা তথা ৰাজ্যেৰ মুখ্যমন্ত্ৰী ডক্টৰ হিমন্তুবিশ্ব শৰ্মা গতকাল জালুকবাৰী বিধানসভা আসনেৰ প্ৰাৰ্থী হিসেবে মহা সমাৰোহে মনোনয়নপত্ৰ দাখিল কৰেছেন । মনোনয়নপত্ৰ দাখিল কৰাৰ সময় তাৰ পৰিবাৰেৰ সদস্য এৰং গৌহাটীৰ সাংসদ বিজুলি কলিতা মেধী , বিসিসিআই সচিব তথা ৰাজ্য সৰকাৰেৰ মহাধিবক্তা দেবজিৎ শইকীয়া উপস্থিত ছিলেন । এদিকে জাগীৰোড বিধানসভা আসনেৰ বি জে পি প্ৰাৰ্থী তথা মন্ত্ৰী পীযুষ হাজৰিকা গতকাল মনোনয়নপত্ৰ দাখিল কৰেন । অনূৰূপভাবে মৰিগাও , কোকৰাঝাৰ , চিৰাং , গোলাঘাট ইত্যাদি বিধানসভা আসনে বি জে পি সহ বিভিন্ন ৰাজনৈতিক দলেৰ প্ৰাৰ্থীরা তাদেৰ মনোনয়নপত্ৰ দাখিল কৰেন ।

উল্লেখ্য যে আগামী ২৩ মার্চ মনোনয়নপত্র দাখিলের শেষ দিন ।

শ্রীভূমি জেলায় মনোনয়ন পত্র জমা দেবার গতকাল পঞ্চম দিনে জেলার চারটি বিধানসভা আসনের মধ্যে উত্তর করিমগঞ্জ বিধানসভা আসনে এস ইউ সি আই (কমিউনিষ্ট) দলের অরুনাংশু ভট্টাচার্য্য ও একজন নির্দল প্রার্থী বিনয় কৃষ্ণ রায় মনোনয়ন পত্র জমা দিয়েছেন । এদিকে রামকৃষ্ণ নগর তপশিলি সংরক্ষিত বিধানসভা আসনে ভারতীয় জাতীয় কংগ্রেস দলের প্রার্থী সুরুচি রায় ও এস ইউ সি আই (কমিউনিষ্ট) দলের সঞ্জিতা শুল্লা মনোনয়ন পত্র জমা দিয়েছেন ।

শ্রীভূমি জেলার নির্বাচনী আধিকারিক তথা জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে নির্বাচনের দিন ও নির্বাচনের সংশ্লিষ্ট কর্মীদের দায়িত্ব পালনের বিষয়ে কিছু নির্দেশিকা জারী করেছেন । নির্দেশিকায় বলা হয়েছে যে নির্বাচনী কর্তব্য পালন করা একটি সাংবিধানিক দায়িত্ব এবং নির্বাচনের কাজে কোনো ধরনের অবহেলা ,কর্তব্যে গাফিলতি বা আইন সন্মত নির্দেশকে অমান্য করাকে গুরুত্ব সহকারে বিবেচনা করা হবে । পাশাপাশি সংশ্লিষ্ট সার্ভিস কনডাক্ট রুলস অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা , কারন দর্শানোর নোটিশ জারি করে সাময়িক বরখাস্ত করা হতে পারে । জেলা প্রশাসন থেকে জেলার সব বিভাগীয় প্রধানদের নিজেদের বিভাগের অধীনে থাকা সব কর্মীরা যাতে এই নির্দেশ কঠোরভাবে মেনে চলেন তা তদারক করার নির্দেশ দিয়েছেন ।

নির্বাচন কমিশন বৈদ্যুতিন এবং ডিজিটেল মাধ্যমে নির্বাচন সংক্রান্ত সংবাদ প্রচারের ক্ষেত্রে একটি নির্দেশনা জারী করেছে । এই অনুসারে এখন থেকে নির্বাচন সংক্রান্ত যে কোন সংবাদ প্রচারের আগে রাজনৈতিক দল , প্রার্থী ,

ব্যক্তি ও সংস্থাকে অনুমোদন নিতে হবে । প্রত্যেক জেলায় এর জন্য গঠিত মিডিয়া সার্টিফিকেশন এবং মনিটরিং কমিটি থেকে এই অনুমোদন গ্রহণ করার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে । ফলে টি ভি , রেডিও , পাবলিক ডিসপ্লে স্ক্রীন , বাল্ক এস এম এস , ভয়েস মেসেজ এবং সামাজিক মাধ্যমের মত মঞ্চগুলিতে নির্বাচন সংক্রান্ত কোন ধরনের প্রচার তথা সংবাদ প্রচারের ক্ষেত্রে ওই কমিটির অনুমোদন বাধ্যতামূলকভাবে নিতে হবে ।

হাইলাকান্দি জেলার সাধারণ নির্বাচনী পর্যবেক্ষক জী ভীরাপাডিয়ান গতকাল কাটলিছড়া রাজস্ব চক্রের অধীন প্রত্যন্ত এলাকার বিভিন্ন ভোটকেন্দ্র সরজমিনে পরিদর্শন করে সংশ্লিষ্ট ভোটকেন্দ্র গুলোর যোগাযোগ ব্যবস্থা সহ পানীয় জলের সুবিধা , শৌচালয় , বিদ্যুৎ ব্যবস্থা ইত্যাদি খতিয়ে দেখেন । পাশাপাশি তিনি স্থানীয় লোকেদের সঙ্গে কথা বলে নির্বাচনী প্রক্রিয়া সম্পর্কে তাদের মতামত ও প্রতিক্রিয়া সংগ্রহ করেন ।

আজ ইসলাম ধর্মাবলম্বী লোকেদের পবিত্র ঈদ-উল-ফিতর । রমজান মাসের একমাসব্যাপী কঠোর ব্রত পালনের পর সমগ্র দেশের সংগে আসাম তথা বরাক উপত্যকায়ও আজ ইসলাম ধর্মাবলম্বীরা ঈদ - উল ফিতর পালন করছেন । কেন্দ্রীয় হিলাল কমিটি একথা ঘোষণা করেছে ।

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু ঈদ-উল -ফিতর উপলক্ষে জনসাধারণকে শুভেচ্ছা জানিয়েছেন । এক বার্তায় রাষ্ট্রপতি বলেন যে এই উৎসব আত্মসংযম , সহমর্মিতা, ভ্রাতৃত্ববোধ তথা জনসাধারণের মধ্যে শান্তি ও সম্প্রীতির

বার্তা বহন করে। এই উৎসবে তিনি সমাজে একতা ও সম্প্রীতির বার্তা ছড়িয়ে দিয়ে দেশ গঠনে এগিয়ে আসার আহ্বান জানান।

কাছাড় জেলায় ও এ উপলক্ষে উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হচ্ছে। শিলচর শহরের প্রধান ঈদগাহ ইটখলা ময়দানে ঈদের নামাজ সকাল ৯ টায় অনুষ্ঠিত হবে। মসজিদ কমিটির পক্ষ থেকে উসমান মজুমদার জানিয়েছেন যে এবার ও ঈদের নামাজ পরিচালনা করবেন শিলচর বড় মসজিদের প্রধান মওলানা সাঈব আহমেদ লস্কর।

শিলচর কলেজ রোডের ফেসাই মিয়া ঈদগাহে ঈদের নামাজ সকাল সাড়ে ৮ টায় অনুষ্ঠিত হবে।

মেহেরপুর ঈদগাহে সকাল সাড়ে ৮ টায় ঈদের নামাজ অনুষ্ঠিত হবে। এদিকে জেলার সোনাবাড়িঘাট নুরুল হক চৌধুরী ঈদগাহ, ধনেহরি, পূর্ব সোনাই কচুদরম বাজার ঈদগাহে প্রায় একই সময়ে ঈদের নামাজ অনুষ্ঠিত হবে।

শ্রীভূমি জেলায় ও ইসলাম ধর্মাবলম্বীদের পবিত্র এই উৎসবকে কেন্দ্রকে ব্যাপক উৎসাহ পরিলক্ষিত হচ্ছে। করিমগঞ্জ টাউন ঈদগাহে সকাল ৯ টায় ঈদের নামাজ পরিচালনা করবেন মওলানা মুফতি মাহবুবুল আলম কাসিমী। অন্যদিকে ঐতিহ্যবাহী শ্রীগৌরী উমরপুর ঈদগাহে সকাল সাড়ে ৮ টায় ঈদের নামাজ পরিচালনা করবেন উত্তরপূর্ব ভারতের আমিরে শরীয়ত মওলানা ইউসুফ আলী। এছাড়া ও জেলার অন্যান্য স্থানের ঈদগাহগুলিতে ও ঈদের নামাজের আয়োজন করা হয়েছে।

হাইলাকান্দি জেলায় ও আগামীকাল পবিত্র ঈদ উল ফিতর উপলক্ষে উৎসবের মেজাজ পরিলক্ষিত হচ্ছে। জেলার বিভিন্ন ঈদগাহগুলিতে নামাজের আয়োজন করা হয়েছে। প্রশাসনের পক্ষ থেকে শান্তিপূর্ণভাবে এই উৎসব উদযাপনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
